

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) চলমান বেপরোয়া মাদক সেবনের বিরুদ্ধে কথা বলায় চুয়েট সাংবাদিক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদককে হেনস্থা এবং সাংগঠনিক সম্পাদককে মারধরের অভিযোগ উঠেছে। বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সদ্যেবিলুপ্ত কমিটির উপরণশিক্ষাবিষয়ক সম্পাদক আইদিদ আলমের নেতৃত্বে ২০ থেকে ২৫ জনের একটি দল এ হামলা চালায় বলে অভিযোগ উঠে।

গতকাল বৃহস্পতিবার এ ঘটনায় চুয়েট সাংবাদিক সমিতি রাউজান থানায় অভিযোগ দিয়েছে। পাশাপাশি ৪৮ ঘণ্টার মধ্যে হামলাকারীদের ডোপ টেস্ট এবং তাদের বিশ্ববিদ্যালয় থেকে বহিকারের দাবি ও জানিয়েছে চুয়েট সাংবাদিক সমিতি।

চুয়েট শিক্ষার্থীরা জানান, গত মঙ্গলবার চুয়েট সাংবাদিক সমিতির সাংগঠনিক সম্পাদক মো. গোলাম রব্বানী বিশ্ববিদ্যালয়ে চলমান বেপরোয়া মাদক সেবনের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে ফেসবুকে একটি স্ট্যাটাস দেন। এতে ক্ষুঙ্ক হয়ে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সদ্যেবিলুপ্ত কমিটির উপরণশিক্ষাবিষয়ক সম্পাদক আইদিদের নেতৃত্বে ২০ থেকে ২৫ জনের একটি দল গত বুধবার দুপুরে সাংবাদিক সমিতির সভাপতি জিওন আহমেদ ও সাধারণ সম্পাদক সায়েদ চৌধুরীকে বিশ্ববিদ্যালয়ের গোলচত্বরে ডেকে নেয়। তাঁদের চার ঘণ্টারও বেশি সময় সেখানে আটকে রেখে গালাগাল ও হেনস্থা করা হয়। এরপর বিকেলে তারা সাংবাদিক সমিতির সাংগঠনিক সম্পাদক গোলাম রব্বানীকে সেখানে ডেকে নিয়ে মারধর করে।

চুয়েট ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক মোহাম্মদ রেজাউল করিম বলেন, ‘আমরা অভিযোগপত্র পেয়েছি। বিষয়টি দুঃখজনক। ফেসবুকে পোস্ট করা নিয়ে কোনো শিক্ষার্থীর ওপর এভাবে কেউ চড়াও হতে পারে না।’

Print

সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডি এ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয় বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।

পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৮৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৮৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com